# জিনসিনা

*জিনসেং (প্যানাক্স জিনসেং) ৫০০ মি. গ্রা.*

## উপাদান

জিনসিনা ক্যাপসুল : প্রতি ক্যাপসুলে আছে জিনসেং (প্যানাক্স জিনসেং) ৫০০ মি. গ্রা. স্ট্যান্ডার্ডাইজড নির্যাস।

## বিবরণ

৫০০০ বছরের অধিক সময় ধরে জিনসেং নানা রোগের চিকিৎসায় ব্যবহৃত হয়ে আসছে। জিনসেং এর মধ্যে জিনসেনোসাইড নামে একটি উপাদান রয়েছে যা রক্ত এবং শুক্রাণু তৈরিতে সাহায্য করে। শুধু তাই নয়, ইহা রক্ত সঞ্চালন বাড়ায় এবং সেই সাথে অবসাদ (Stress) কমায়। দুর্বল রক্ত সঞ্চালন এবং অবসাদ পুরুষের লিবিডো (Libido)-র উপর প্রভাব ফেলে। এটা প্রমাণিত যে, জিনসেং লিবিডো বাড়াতে সাহায্য করে।

## ফার্মাকোলজী

জিনসেং মানবদেহে দুইভাবে ক্রিয়া করে। প্রথমত: জিনসেনোসাইড দুই ভাগে বিভক্ত হয়-আর.বি-১ এবং আর.জি-১। আর.বি-১- এ একটি স্টেরয়েড রয়েছে- জিনসেনোসাইড আর.সি, যা ক্যান্সার কোষের বৃদ্ধি প্রতিহত করে। এছাড়া জিনসেনোসাইড এডাপটোজেন (অবসন্নতা, অস্থিরতা ইত্যাদি প্রতিহতকারী) হিসেবে পরিচিত এবং দীর্ঘ পরিশ্রম করার ক্ষমতা, শক্তি বাড়ায়। আর.জি-১ এর জিনসেনোসাইড স্মৃতিশক্তি বাড়াতে সাহায্য করে।

দ্বিতীয়ত: জিনসেং মানবদেহের হরমোনের পরিমানের উপর কাজ করে।

জিনসেং ইস্ট্রোজেন (Estrogen) -এর পরিমাণ বাড়িয়ে দেয় যা মেয়েদের হরমোনের কার্যক্ষমতা বাড়াতে সাহায্য করে। প্যানাক্স জিনসেং মানবদেহে টেস্টোস্টেরন এর পরিমাণ বাড়ায় এবং সেই সাথে শুক্রাণুর সংখ্যা বৃদ্ধি করে।

## নির্দেশনা

জিনসেং শারীরিক সহিষ্ণুতা ও শক্তিবর্ধক হিসেবে ব্যবহৃত হয়। ইহা শরীরের শক্তি বৃদ্ধি করে, রোগ প্রতিরোধ করে, অবসাদ কমায় এবং শরীর ও মনের কার্যক্ষমতা বাড়ায়।

এছাড়াও এফ্রোডিজিয়াক (Aphrodisiac) হিসেবে, কামশক্তি বাড়াতে ও ইরেক্টাইল ডিসফাংশন (Erectile Dysfunction) কমাতে ব্যবহৃত হয়।

## সেবন মাত্রা ও সেবন বিধি

একটি করে জিনসিনা ক্যাপসুল দৈনিক এক বা দুইবার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

## পার্শ্ব প্রতিক্রিয়া

কোন পার্শ্ব প্রতিক্রিয়া বা অন্য ঔষধের সাথে মিশ্র প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না।

## বিপরীত নির্দেশনা

পরীক্ষায় প্রমাণিত যে, জিনসেং নিরাপদ এবং কার্যকরী। জিনসেং যে কোন ভিটামিন, খনিজ দ্রব্য বা ভেষজ সম্পূরক খাদ্যের সাথে ব্যবহার করা যাবে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, এখন পর্যন্ত কোন বিপরীত নির্দেশনা পাওয়া যায় নি। তদুপরি, এ ঔষধের প্রতি সংবেদনশীল ব্যক্তিদের জন্য প্রতি-নির্দেশিত।

## গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার

কোন রোগী যদি জিনসেং সেবনের সময় গর্ভবতী হয়ে যায়, চিকিৎসকের সাথে এর ব্যবহার সুবিধা ও ক্ষতির সম্ভাবনা নিয়ে আলোচনা করতে হবে। মাতৃদুগ্ধে জিনসেং নি:সরণ হয় কি না, এখন পর্যন্ত জানা যায় নি। গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে জিনসেং ব্যবহার এড়িয়ে চলাই ভাল।

## সতর্কতা

রক্তজমাট বাঁধাদানকারী ঔষধের সাথে জিনসেং ব্যবহারের ক্ষেত্রে সর্তকতা অবলম্বন করা উচিত।

## সংরক্ষণ

সূর্যালোক থেকে দূরে, ঠান্ডা ও শুষ্ক স্থানে সংরক্ষণ করুন।

## সরবরাহ

জিনসিনা ক্যাপসুল : প্রতিটি বাক্সে ৩০ টি ক্যাপসুল রয়েছে এলু-এলু ব্লিস্টার প্যাকে।


প্রস্তুতকারকঃ

IBN SINA

**দি ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ

(হারবাল বিভাগ) সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।